



204991 - তামাত্তু হজ্জকারীর উপর কয়টি তাওয়াফ ও কয়টি সাঈ ওয়াজবি?

প্রশ্ন

তামাত্তু হজ্জকারীর উপর কয়টি হজ্জের জন্য তাওয়াফ ও সাঈ আছে? নাকি উমরার তাওয়াফ ও সাঈ তার জন্য যথেষ্ট?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

তামাত্তু হজ্জকারীর উপর দুটো তাওয়াফ ও দুটো সাঈ আবশ্যিক: উমরার একটি তাওয়াফ ও একটি সাঈ। হজ্জের জন্য একটি তাওয়াফ ও একটি সাঈ। এটাই জমহুর (অধিকাংশ) আলমেরে মায়হাব। তাদের মধ্যে রয়েছেন: ইমাম মালকে, ইমাম শাফয়ে, ইমাম আহমাদ (তার থেকে বর্ণিত বিশুদ্ধ রওয়ায়তে অনুযায়ী)। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত তাঁকে হজ্জতে তামাত্তু সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন: "মুহাজিরি, আনসার ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামেরে পত্মীগণ সকলে বদায় হজ্জেরে ইহরাম বাঁধলেন। আমরাও ইহরাম বাঁধলাম। যখন আমরা মক্কায় পৌঁছলাম তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: তোমরা তোমাদের হজ্জেরে ইহরামকে উমরাতেরে পরণিত কর; যবে ব্যক্তি হাদকি (কোরবানীর পশুকে) মালা পরিয়েছে সে ছাড়া। তখন আমরা বায়তুল্লাহ তাওয়াফ করলাম, সাফা-মারওয়াতে সাঈ করলাম। স্ত্রী সহবাস করলাম, নজিদেরে (সাধারণ) পোশাক পরলাম। তিনি বললেন: যবে ব্যক্তি হাদকি মালা পরিয়েছে তার জন্য হাদজিবাই করার স্থানে পৌঁছার আগে হালাল হওয়া বধৈ হবে না। তারবয়ার দনি আমাদেরকে হজ্জেরে ইহরাম বাঁধার নর্দিশে দেওয়া হল। যখন আমরা হজ্জেরে কার্যাবলী সমাপ্ত করলাম তখন বায়তুল্লাহতে এসে তাওয়াফ করলাম, সাফা-মারওয়াতে সাঈ করলাম। এভাবে আমাদের হজ্জ সম্পন্ন হল এবং আমাদের উপর হাদি (কোরবানী দেওয়া) ওয়াজবি।"[এটি ইমাম বুখারী কতিবুল হাজ্জ; আল্লাহর বাণী: এটি তাদের জন্য যাদেরে পরিবার মসজদি হারামেরে বাসনিদা নয় শীর্ষক পরিচ্ছদে।

শাইখ শানক্বতিবী বলেন:

"সহহি বুখারীতে সাব্যস্ত এ হাদসিটতে স্পষ্ট প্রমাণ রয়েছে যে, যারা তামাত্তু হজ্জ করছেন, উমরা থেকে হালাল হয়েছেন: তারা তাদের উমরার জন্য তাওয়াফ-সাঈ করছেন এবং তাদের হজ্জেরে জন্য আরও একবার তাওয়াফ-সাঈ করছেন। মতভেদস্থলে এ হাদসিট সুস্পষ্ট দলিল।"[আযওয়াউল বায়ান (৫/১৭৮)]

তিনি আরও বলেন:



"ইতপূর্ববে আমরা যা উল্লেখ করেছি তা থেকে প্রতীয়মান হয় যে: তামাত্তু হজ্জকারী আরাফাতে অবস্থান করার পর তার হজ্জের জন্য সাঈ করবনে, তাওয়াফ করবনে; তিনি উমরার জন্য কৃত তাওয়াফ ও সাঈকে যথেষ্ট মনে করবনে না— এই মর্মে নরিদশেক ইবনে আব্বাস (রাঃ) এর পূর্ববোক্ত হাদিসটি যে কোন বিবেচনায় মতভেদে পয়নেটে একটি সুস্পষ্ট সহি দলি।"[আযওয়াউল বায়ান (৫/১৮২)]

আয়শো (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: "যারা উমরার ইহরাম বঁধেছিলেন তারা তাওয়াফ করে হালাল হয়ে গেছেন। এরপর তারা মীনা থেকে ফেরত আসার পর অন্য একটি তাওয়াফ করছেন। পক্ষান্তরে যারা হজ্জ ও উমরা একত্রিত করে পালন করছেন: তারা শুধু একটি তাওয়াফ করছেন।"[সহি বুখারী (১৫৫৭) ও সহি মুসলিম (১২১১)]

শাইখ শানক্বতি বলেন:

"এটি সর্বসম্মত একটি পরিস্কার দলি; যা ক্বরান হজ্জ আদায়কারী ও তামাত্তু হজ্জ আদায়কারীর মধ্যে পার্থক্য থাকার প্রমাণ নরিদশে করছে: ক্বরান হজ্জ আদায়কারীর আমল ইফরাদ হজ্জ আদায়কারীর মত। আর তামাত্তু হজ্জ আদায়কারী তার উমরার জন্য তাওয়াফ করবনে, হজ্জের জন্যও তাওয়াফ করবনে। এই হাদিসের পর এ মাসয়ালায় মতভেদে কোন সুযোগ নাই। ইবনে আব্বাস (রাঃ) এর পূর্ববোক্ত হাদিসটি সহি বুখারীতে রয়েছে।

যারা বলেন: আয়শো (রাঃ) এর হাদিসে 'একটি তাওয়াফ' দ্বারা উদ্দেশ্য হচ্ছে- এক সাঈ তাদরে এমন অভিমতের সুযোগ আছে। ইবনুল কাইয়যমে এ অভিমতকে গ্রহণ করছেন এবং আমার কাছেও এটি মজবুত অভিমত।

এ দলিগুলো ক্বরান হজ্জ ও তামাত্তু হজ্জের মধ্যে পার্থক্য থাকার অভিমতটি সঠিক হওয়ার পক্ষে প্রমাণ বহন করছে। এটাই জমহুর আলমেতে অভিমত। ইনশা আল্লাহ এ মতটিই সঠিক।"[আযওয়াউল বায়ান (৫/১৮৫)]

স্থায়ী কমটির আলমেগণ বলেন:

"তামাত্তু হজ্জকারীর উপর দুইটি সাঈ আবশ্যিক: উমরার সাঈ ও হজ্জের সাঈ।"

শাইখ আব্দুল আযযি বনি বায, শাইখ আব্দুর রাজ্জাক আফফি, শাইখ আব্দুল্লাহ বনি গাদইয়ান।

[ফাতাওয়াল লাজনাদ দায়মা লি বুহুলি ইলময়্যা ওয়াল ইফতা (১১/২৫৮)]

এই অভিমতকে অগ্রগণ্যতা দিয়েছেন শাইখ মুহাম্মদ বনি ইব্রাহিম; যমেনটি রয়েছে তাঁর ফতোয়াসমগ্র (৬/৬৫) এবং শাইখ উছাইমীন; যমেনটি রয়েছে তাঁর রচিত "আশ-শারহুল মুমত গ্রন্থে (৭/৩৭৪); সখোনে তাঁর ভাষ্য হচ্ছে:

"তামাত্তু হজ্জকারী: যিনি হজ্জের মাসসমূহে উমরার ইহরাম বঁধেছেন, এরপর উমরা থেকে হালাল হয়ে গেছেন; একই বছর



হজ্জেরে ইহরাম বঁধেছেন। তার উপর সাধারণ সাঈ আবশ্যিক। অর্থাৎ যহেতে তার উপর দুটো তাওয়াফ ও দুটো সাঈ আবশ্যিক: উমরার জন্য একটি তাওয়াফ ও হজ্জেরে জন্য একটি তাওয়াফ। উমরার জন্য একটি সাঈ ও হজ্জেরে জন্য একটি সাঈ।"

আল্লাহই সর্বজ্ঞ।